# উপজেলা পরিষদ কার্যালয়
## সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৩য় মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ নাছরীন আক্তার, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ২৯-০৮-২০২৪ খ্রিঃ ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেল নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(খ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২৩-২৪ অর্থবছরের কয়েকটি প্রকল্প সাম্প্রতিক বন্যা ও অতিবৃষ্টির কারনে যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি (তালিকা পরিশিষ্ট-খ) । উক্ত প্রকল্পসমূহ চলতি ২০২৪-২৫ অর্থবছরে Corriedover প্রকল্প হিসেবে বাস্তবায়ন করার প্রস্তাব উপস্থাপন করেন তাছাড়া যে সকল প্রকল্পের কাজ শুরু করা সম্ভব হয়নি সে সকল প্রকল্প বাতিল করা যেতে পারে এবং বাতিলকৃত প্রকল্পসমূহ প্রয়োজনে চলতি অর্থবছরে নতুনভাবে প্রস্তাব করা যেতে পারে।<br>(গ)আলোচনাকালে তিনি আরোও জানান, হরিপুর-সাহেববাজার রাস্তার বদনাছড়া নামক স্থানে অতিগুরুত্বপূর্ন কালভার্টটি সাম্প্রতিক বন্যায় সংযোগ বিছিন্ন হয়ে যায় । যা সভাপতি মহোদয়সহ অনেকে অবগত আছেন, তাৎক্ষনিক রাস্তাটি সচল রাখার নিমিত্ত জনাব মঈনুদ্দিন,ইউপি সদস্য-ওয়ার্ড নং-০৬, খাদিমনগর ইউপিকে উক্ত কালভার্টে জরুরীভাবে বালির বস্তা, বাঁশঘারা প্রতিরক্ষা আড়া এবং জরুরী সাইনবোর্ড সংরক্ষন করার নির্দেশনা প্রদান করা হয় ।জনাব মঈনুদ্দিন সংশ্লিষ্ট ইউপি সদস্য উক্ত কাজে ব্যয়কৃত ৯০,০০০/-(নব্বই হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেছেন ।উক্ত বিল ভাউচার অনুমোদন এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব উপস্থাপন করেন ।<br>(ঘ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, চলতি বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি)বরাদ্দ পাওয়া যায়নি । বিগত বছরের বরাদ্দ অনুযায়ী সম্ভাব্য টাকার পরিমান এবং চলতি বছরের রাজস্ব উদ্বৃত্ত সহ সর্বমোট টাকা বিগত বছরের ন্যায় ইউনিয়ন ওয়ারী বিভাজনের প্রস্তাব উপস্থাপন করেন ।<br>আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণের প্রস্তাব করেন। তিনি উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন থেকে খাত ওয়ারী সম্ভাব্য প্রস্তাবনা দাখিল করবেন । ইউনিয়ন থেকে প্রাপ্ত প্রস্তাবনা উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপিত হবে । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) ২০২৩-২৪ অর্থবছরের যে সকল প্রকল্প(পরিশিষ্ট-খ)সাম্প্রতিক বন্যা ও অতিবৃষ্টির কারনে যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়নি সেসকল প্রকল্প চলতি ২০২৪-২৫ অর্থবছরে Corriedover প্রকল্প হিসেবে প্রাক্কলিত মূল্য ও বাস্তবায়ন পদ্ধতি অপরিবর্তিত রেখে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩) সাম্প্রতিক বন্যায় হরিপুর-সাহেববাজার রাস্তার বদনাছড়া এলাকার ক্ষতিগ্রস্থ কালভার্টটির জনসার্থে জরুরীভিত্তিতে সংযোগ চালু রাখার জন্য বালির বস্তা ও বাঁশঘারা প্রতিরক্ষা আড়া এবং জরুরী সাইনবোর্ড সংরক্ষন কাজের ব্যয়কৃত=৯০,০০০/- ( নব্বই হাজার) টাকার বিল ভাউচার অনুমোদিত হয় এবং চলতি অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) অনুযায়ী এবং সাধারণ জনগনের চাহিদার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে ।টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে । বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ, বাছাই ও অনুমোদন করতে হবে । | প্রশাসক, উপজেল পরিষদ /উপজেল নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী, সিলে সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাছাই কমিটির অনুমোদনের পর ইউনিয়ন পর্যায়ে গণ্যমান্য ব্যক্তিবর্গ, সুশীল সমাজের ব্যক্তিবর্গ ও সাধারণ জনগনের সাথে মতবিনিময় সভা করা হবে । অতপর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদিত হবে । | | |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান অক্টোবরের প্রথম সপ্তাহে জরায়ু ক্যান্সার প্রতিরোধে ০৫ শ্রেনী থেকে ০৯ শ্রেনীর ছাত্রীদের এইচপিভি ভ্যাকসিন প্রদান করা হবে। জন্মনিবন্ধন ও মোবাইল নম্বরের মাধ্যমে অনলাইনে রেজিস্টেশন করতে হবে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠ পরিকল্পনা গ্রহণ করতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পন কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট বিগত সভার কার্যবিবরণীর মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনার আংশিক সংশোধনের প্রস্তাব করেন ।তিনি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান সরকার মাধ্যমিক পর্যায়ে সকল বেসরকারি স্কুলের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতিকে অপসারণ করেছে এখন সভাপতি উপজেলা নির্বাহী অফিসার স্যার ।তিনি সকল ইউপি চেয়ারম্যানদের মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোর শ্রেণী কার্যক্রম ইত্যাদি পরিদর্শন করার অনুরোধ জানান । | ১)মাধ্যমিক পর্যায়ের স্কুল কলেজ গুলোর ক্লাস শুরু করতে হবে, শিক্ষকগনের নিয়মিত উপস্তিতি ও ক্লাস পরিচালনা তদারকি করবেন এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ পরিদর্শন করে পরিদর্শন খাতায় মন্তব্য লিখতে হবে । | উপজেলা মাধ্যমিব শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, সরকার সকল প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বাতিল করেছে দ্রুত এডহক কমিটি গঠন করা হবে । এডহক কমিটি সভাপতি সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জমি দাতা সদস্য, সরকারি/বেসরকারি মাধ্যমিক স্কুলের শিক্ষক সদস্য, ঐ স্কুলের প্রধান শিক্ষক সদস্য সচিব ।তিনি আরোও জানান প্রাথমিক বিদ্যালয়ের অনলাইন শুমারী সম্পন্ন সবাইকে বই বিতরণ করা যাবে । | ১.১) প্রাথমিক বিদ্যালয় গুলো ক্লাস শুরু, পাঠদান কার্যক্রম, স্কুল ছুটির বিষয়গুলো তদারকি করতে হবে এ বিষয়ে পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সাম্প্রাতিক বিতরণকৃত ভিজিএফ, ত্রান, শুকনা খাবার, গো-খাদ্য, শিশু খাদ্য বিতরণের মাষ্টাররোল দাখিলের প্রস্তাব উপস্থাপন করেন ।তিনি চলতি বছরে ইউনিয়ন পরিষদ হতে বন্যার সময় উদ্ধার কাজ পরিচালনার জন্য গামবুট, লাইফ জেকেট, রেইনকোর্ট, টর্চ লাইট ইত্যাদি ক্রয় করার প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১) সাম্প্রাতিক বিতরণকৃত ভিজিএফ, ত্রান, শুকনা খাবার, গো-খাদ্য, শিশু খাদ্য বিতরণের মাষ্টাররোল দাখিল করতে হবে ।<br>১.২) ইউনিয়ন পরিষদ হতে বন্যার সময় উদ্ধার কাজ পরিচালনার জন্য গামবুট, লাইফ জেকেট, রেইনকোর্ট, টর্চ লাইট ইত্যাদি ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় জানান, সাম্প্রতিক বন্যায় খাদিমনগর, টুকেরবাজার, মোগলগাঁও ও কান্দিগাঁও ইউনিয়নের পরিবার কল্যাণ কেন্দ্র প্লাবিত হয়ে ব্যাপক ক্ষতি হয়েছে ।তিনি সেগুলোকে সেবামুখী করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন । জালালাবাদ ইউনিয়ন পরিষদ – কমিউনিটি ক্লিনিক । | ১.১) ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের জরুরী সংস্কার ও মেরামতের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, মাসকালাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০ জন কৃষককে সার ও বীজ বিতরণ করা হবে । পেঁয়াজ উৎপাদন বৃদ্ধিও লক্ষ্যে ৩০ জন কৃষককে গ্রীষ্মকালীন বীজ ও সার বিতরণ করা হবে । বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের মধ্যে ১৫০জন কৃষককে ০৫ কেজি করে আমন ধানের বীজ বিতরণ করা হবে । সার মজুদ পর্যাপ্ত আছে, রবি মৌসুমে গম উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের | ১.১- মাসকালাই বীজ ও সার বিতরণ কার্যক্রম, আমন ধানের বীজ বিতরণ কার্যক্রম সহ যাবতীয় বিতরণ কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে ।<br>১.২- উপজেলা এডিপি/উন্নয়ন তহবিলের আওতায় হাওড়ে বজ্র শেল্টার/ কৃষক ছাউনী নির্মাণ, বন্যায় | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | আওতায় ৫০০ জন কৃষককে ২০ কেজি করে বীজ বিতরণ করার প্রস্তাব উপস্থাপন করেন ।<br>আলোচনাকালে তিনি বিসিকের বর্জ্যতে লালিছড়া ঝর্নার পানি দূষিত হচ্ছে এতে সবজি ও ফসল চাষে ব্যাপক ক্ষতি হচ্ছে ।তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | ক্ষতিগ্রস্থ কৃষকদেরকে বীজ বিতরণ প্রকল্প গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩)বিসিক কে চিঠি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান উপজেলা মৎস অফিসের দরজা জানালা অবস্থা খারাপ।অফিসের গুরুত্বপূর্ণ আসবাবপত্র অনিরাপদ জরুরী মেরামত প্রয়োজন। তিনি এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মৎস চাষ বিষয়ক প্রশিক্ষণের প্রস্তাব করেন ।<br>আলোচানাকালে খাদিমনগর ইউপি চেয়ারম্যান কারেন্ট জাল ও রিং জাল ব্যবহারকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | ১.১) বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিলে আওতায় মৎস চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।কারেন্ট জাল ও রিং জাল ব্যবহারকারীর তথ্য পাওয়া গেলে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গবাদি পশুদের টিকা প্রদান কার্যক্রম ও কৃত্রিম প্রজনন কার্যক্রম, ফ্রি মেডিকেল ক্যাম্প, ভ্যাকসিন প্রদান কার্যক্রম সহ এলডিডিপি প্রকল্প ও প্রাণিপুষ্টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম চলমান ।<br>তিনি বলেন, শুধুমাত্র কৃমির কারণে অনেক গবাদিপশু স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হচ্ছে । কৃমি পশুর সকল পুষ্টি চুষে নেয় । তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিলে আওতায় ইউনিয়ন পর্যায়ে গবাদিপশুকে কৃমি নাশক টেবলেট খাওয়ানো প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন । | ১.১) আগামী সভায় ইউনিয়ন পর্যায়ে গবাদিপশুকে কৃমি নাশক টেবলেট খাওয়ানো প্রকল্পে প্রাক্কলন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা সহ বিভিন্ন ভাতার মোবাইলের মাধ্যমে প্রদান করা হয় । কিছু প্রতারক চক্র ভেরিফিকেশন কোড নিয়ে ভাতার টাকা হাতিয়ে নিয়ে যায় । তিনি সকল ইউপি চেয়ারম্যানগন জনগনকে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং প্রতারক চক্রের বিষয়ে জনগনকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লি সকল, সিলেট সদর সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় সিলেট জানান ভিডাব্লিউবি কর্মসূচীর বরাদ্দ না পাওয়ার কারণে ডিও ইস্যু করা যাচ্ছে না । এছাড়া কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম চলমান । তিনি আরো ও জানান দুস্থ মহিলা কল্যান তহবিলের আওতায় আর্থিক সাহায্যের আবেদন গ্রহন করা হচ্ছে এসকল আবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে । | ১)কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>২) দুস্থ মহিলাদের আর্থিক সাহায্য প্রদান কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লি সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মানে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলায় বরাদ্দকৃত পানির উৎস, পাবলিক টয়লেট, ট্রিটমেন্ট প্ল্যান্ট এবং বন্যায় ক্ষতিগ্রস্থ টিউবওয়েলের পুর্নবাসন এর ইউনিয়ন ভিত্তিক বিভাজন উপস্থাপন করেন (ছক পরিশিষ্ট-গ)। | ১.১) বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মানে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলায় বরাদ্দকৃত পানির উৎস, পাবলিক টয়লেট, ট্রিটমেন্ট প্ল্যান্ট এবং বন্যায় ক্ষতিগ্রস্থ টিউবওয়েলের পুর্নবাসন এর ইউনিয়ন ভিত্তিক বিভাজন মোতাবেক দ্রুত স্থান নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা নিয়ন্ত্রক ও সকল, সিলেট সং সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান ঋণ আদায় ৭০%, ঋণ বিতরণ ৮৫%, ঋণ খেলাপী প্রায় চার কোটি টাকা । | ১.১। ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে ঋণ খেলাপীদেও তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা করা যেতে পারে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে । | উপজেলা বন কর্মকর্তা |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্ত বিভিন্ন প্রকল্পের অনুকুলে ০৯ জন যুবককে ৪,০০,০০০/-( চার লক্ষ)টাকা এবং ০৭ জন যুবনারীকে ৩,৫০,০০০/-(তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম তদারকি করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, প্রবাসী ভোটার নিবন্ধন কার্যক্রম সহ বিভাগীয় কার্যক্রম চলমান । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪ ।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার উপজেলা চেয়ারম্যান অপসারণ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৪খ্রি: তারিখের ৪৯৮ নং স্মারকে প্রকাশিক প্রজ্ঞাপন ও উপজেলা নির্বাহী অফিসারকে প্রশাসক নিয়োগ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৪তারিখের ৪৯৯ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভাইস চেয়ারম্যান অপসারণ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ১৯ আগস্ট-২০২৪ তারিখের ৫০০ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন সভা উপস্থাপন করেন। | সভায় এ বিষয়ে সকলকে অবগত করা হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, সিলেট সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনোয়ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ ও দপ্তর হতে চাহিত ছক মোতাবেক আগামী পাঁচ বছরের তথ্য প্রদানের অনুরোধ জানান । | ১.১)উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য গত সভায় কমিটি গঠন করা হয়েছে আগামী সভার পূর্বে চাহিত ছক মোতাবেক তথ্য প্রদান করতে হবে ।<br>১.২) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে প্রদানের লক্ষ্যে ক্রয়কৃত অক্সিজেন সিলিন্ডারগুলো এপিএবি, সিলেট শাখা ক্লিনিকে ০৫টি এবং ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রকে ০৫ টি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া শহীদ শামছু-উদ্দিন হাসপাতাল ও সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে চাহিদা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| ০৬। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের ষাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর উপজেলা পরিষদের সভার নাস্তা ও খাবার প্রদানের জন্য ২টি ট্রলি ক্রয়ের চাহিদা প্রদান করেছেন এছাড়া উপজেলা পরিষদের বাসাবাড়ির ড্রেইন পরিষ্কার পরিচ্ছন্নতার চাহিদা প্রদান করেন ।তিনি সিসি টিভি সংস্কার/মেরামত কাজের বিল উপস্থাপন করেন, তিনি অফিসের দাপ্তরিক কাজে ব্যবহৃত ল্যাপটপ মেরামত ও প্রিন্টারের টোনার ক্রয়ের চাহিদা উপস্থাপন করেন ।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হয় ।<br>বিবিধ-০২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, সাম্প্রতিক সময়ে উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য আনসারের পাশাপাশি বিভিন্ন দপ্তরের কর্মচারীদের দিয়ে রোস্টার ডিউটি করানো হয়েছে । উক্ত কর্মচারীগন অতিরিক্ত দায়িত্বভাতা প্রদানের জন্য আবেদন করেছেন ।অদ্য সভায় অনুমোদিত হলে উপজেলা পরিষদের নিরাপত্তা খাত হতে উক্ত বিল প্রদান করা যেতে পারে ।এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন ।<br><br>বিবিধ-০৩:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, সিলেট সদর উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের জন্য যেস্থানে মসজিদটি হচ্ছে তা সম্মুখ ভাগে রাস্তার পার্শ্ববর্তী স্থানে স্থাপিত হলে দৃষ্টিনন্দন হতো । বিগত সময়ে সমন্বয় সভায় সিদ্ধান্ত অনুসারে স্থান নির্বাচিত করে মডেল মসজিদ নির্মাণের জন্য প্রেরণ করা হয়েছে । নির্মাণ কাজের প্রাথমিক কাজ চলমান, এমতাবস্থায় উপজেলা অভ্যন্তরে রাস্তার পার্শ্ববর্তী স্থানে মসজিদ নির্মানের প্রস্তাব নতুন করে উত্থাপিত হলে পিডাব্লিউডি, এলজিইডি সহ অন্যান্য অফিসারবৃন্দ সহ জারগা পরিমাপ করা হয় । পরিমাপকালে দেখা যায় উপজেলার ইউটিডিসি ভবনের অংশ বিশেষ, বেশ কিছু পুরানো গাছ, সীমানা প্রাচীর ভাঙ্গতে এবং উপজেলার প্রধান ফটক সহ প্রবেশ রাস্তা পুনঃ নির্মাণ করতে হবে । ইউটিডিসি ভবনে অবস্থিত ইসলামিক ফাউন্ডেশন ও উপজেলা তথ্য অফিস এবং উপজেলা মৎস অফিসকে নতুন ভাবে স্থানান্তর করতে হবে ।এছাড়া ঠিকাদারের প্রতিনিধির মাধ্যমে জানা যায় প্রায় এক কোটি টাকার কাজ সম্পাদন হয়েছে । এমতাবস্থায় নতুন স্থানে মসজিদ স্থাপন করার জন্য ভাঙ্গার অনুমোদন, গাছ কটার অনুমতি সহ নতুন ফটক ও রাস্তা নির্মাণের অনুমতি সহ নতুন বরাদ্দ প্রয়োজন হবে যা বর্তমান অবস্থাদৃষ্টে সময় সাপেক্ষ এবং দূরুহ ।এসকল দিক বিবেচনা করলে মডেল মসজিদটি না হওয়ার সম্ভাবনা রয়েছে । সিলেট সদর উপজেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের বিষয়ে উপস্থিত সকলকে মতামত ব্যক্ত করার প্রস্তাব করেন ।<br>২নং হাটখোলা ইউপি চেয়ারম্যান জানান, রাস্তার প্বার্শে হলে ভালো হয় কিন্তু যদি রাস্তার প্বার্শে যাওয়ার কারণে মসজিদটি না হওয়ার সম্ভাবনা থাকে তাহলে না হওয়ার চাইতে বর্তমানে নির্ধারিত স্থানে হওয়ায় প্রস্তাব করেন ।<br>৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান উপজেলা পরিষদের প্রবেশের রাস্তার প্বার্শে মডেল মসজিদটি স্থাপন করলে ভালো হয় কিন্তু আইনী দিক বিবেচনা করে যে সিদ্ধান্ত গ্রহণ করা হবে তাঁতে উনার মত আছে।<br>৪নং খাদিমপাড়া ইউপি চেয়ারম্যান খাদিমনগর ইউপি চেয়ারম্যানের সাথে একমত পোষন করেন, তিনি আইনী দিক বিবেচনা করে যে সিদ্ধান্ত গ্রহণ করা হবে তাঁতে উনার মত আছে। | ০১) সভায় সর্বসম্মতিক্রমে চলতি বছরের উপজেলা রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাতের আওতায় উপজেলা পরিষদের সভার নাস্তা ও খাবার প্রদানের জন্য ২টি ট্রলি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২) সভায় সর্বসম্মতিক্রমে চলতি বছরের উপজেলা রাজস্ব তহবিলের পরিষ্কার পরিচ্ছন্নতা খাতের হতে উপজেলা পরিষদের বাসাবাড়ির ড্রেইন পরিষ্কার পরিচ্ছন্নতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩) সভায় সর্বসম্মতিক্রমে রাজস্ব তহবিলের সিসি টিভি খাত হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসিটিভির লাইন ও ক্যামেরা সংস্কার/মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিল ভাউচারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>০৪) সভায় সর্বসম্মতিক্রমে চলতি বছরের উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ খাত হতে অফিসের দাপ্তরিক কাজে ব্যবহৃত ল্যাপটপ মেরামত ও প্রিন্টারের টোনার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>০৫) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত হতে সাম্প্রতিক সময়ে উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিতদের দাখিলকৃত বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>০৬। সভায় বর্তমান পরিস্থিতি, নতুন বরাদ্দ এবং প্রকল্পের অনিশ্চয়তার বিষয়টি বিবেচনা করে মডেল মসজিদেও কাজ পূর্বের নির্ধারিত স্থানেই নির্মাণ কাজ চলমান থাকার পক্ষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় । | প্রশাসক, উপজেল<br>পরিষদ/উপজেলা<br>নির্বাহী অফিসার<br>সিলেট সদর<br>সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | ৬নং টুকেরবাজার ইউপি চেয়ারম্যান জানান, রাস্তার পার্শে হলে ভালো হয় কিন্তু যদি রাস্তার পার্শে যাওয়ার কারণে মসজিদটি না হওয়ার সম্ভাবনা থাকে তাহলে না হওয়ার চাইতে বর্তমানে নির্ধারিত স্থানে হওয়ায় প্রস্তাব করেন ।<br>৮নং কান্দিগাঁও ইউপি চেয়ারম্যান জানান, যেহেতু উপজেলা সদর থেকে ০১ কিলোমিটারের বাহিরে মসজিদ নির্মাণ করা যাবে না সেহেতু বর্তমানে নির্ধারিত স্থানে হওয়ায় প্রস্তাব করেন ।<br><br>উপজেলা প্রকৌশলী জানান, রাস্তার পার্শে মসজিদ করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছিল এবং তাঁরা কাজ শুরু করেছিল কিন্তু স্থান পরিবর্তন করলে প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হওয়ার সম্ভাবনা রয়েছে ।<br>সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা আইসিটি অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বর্তমানে নির্ধারিত স্থানে মসজিদ হওয়ার পক্ষে মতামত প্রদান করেন ।<br><br>১নং জালালাবাদ ইউপি চেয়ারম্যান জানান, বর্তমানে যে স্থানে মডেল মসজিদের স্থান নির্ধারণ করা হয়েছে সেখানে মুসল্লী কম হবে, তিনি রাস্তার পার্শে মডেল মসজিদটি স্থাপনের প্রস্তাব করেন।<br>উপজেলা সমবায় কর্মকর্তা এসাথে একমত পোষন করেন । | | |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৯/২০২৪

নাছরীন আক্তার
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ০৫/০৯/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.৬০(৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক, সিলেট ।
৫। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৬। চেয়ারম্যান,-------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৭। জনাব/বেগম,------------------------------সিলেট সদর, সিলেট ।
০৮। অফিস নথি।

০৫/০৯/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |

| | | |
|---|---|---|
| ০৯) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১১) | প্রতিনিধি | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৩) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব মো: ইকরামুল কবির | প্রতিনিধি,উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট।০ |
| ২১) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২২) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | মিজ্ ফরিদা আক্তার | প্রতিনিধি, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |